



বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি  
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)  
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) এর  
দপ্তর  
প্রধান কার্যালয়: বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ,  
রাজশাহী-৬০০০  
www.nesco.gov.bd

বিদ্যুৎ ব্যবহারে সশ্রয়ী হোন

নম্বর: ২৭.২৯.০০০০.০০০.০১১.১২.০০২৫.১৯.৪৯৫

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ  
০২ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

### সার্কুলার

বিষয়: নেসকোর ইমপ্লয়ীদের জ্যেষ্ঠতা তালিকা ও পদোন্নতির বিষয়ে নেসকো পরিচালনা পর্ষদের ২০০তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ অবহিতকরণ।

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, বিগত ১৫/০৫/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত নেসকো পরিচালনা পর্ষদের ২০০তম সভায় ইমপ্লয়ীদের পদোন্নতি ও জ্যেষ্ঠতা বিষয়ক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. নেসকোর অভ্যন্তরীণ জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন কমিটি কর্তৃক ১৭.১০.২০২৪ খ্রি. তারিখে প্রস্তুতকৃত কোরভিত্তিক জ্যেষ্ঠতা তালিকা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো;

খ. যে সকল ইমপ্লয়ির ডিসিপ্লিনভিত্তিক মেধাক্রম রয়েছে কিন্তু কোর ভিত্তিক সমন্বিত গ্রেডেশন ক্রম নেই (রেঞ্জের মধ্যে রাখা হয়েছে) সে সকল ইমপ্লয়ির ক্ষেত্রে বিভিন্ন ডিসিপ্লিনে কর্মরত ইমপ্লয়ীদের সংখ্যার আনুপাতিক হারে মেধাক্রম অনুসারে ১ টি পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে সর্বোচ্চ ৫ জন ইমপ্লয়িকে পদোন্নতি পরীক্ষা বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান এবং একাধিক পদের ক্ষেত্রে প্রতিটি পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে সর্বোচ্চ ৩ জন ইমপ্লয়িকে পদোন্নতি পরীক্ষা বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে, কোরের সকল ডিসিপ্লিনের ন্যূনতম ১ জন করে ইমপ্লয়িকে পদোন্নতি পরীক্ষা বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য, যে সকল ইমপ্লয়ির কোরভিত্তিক সমন্বিত মেধাক্রম আছে তাদের ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে না;

গ. যে সকল ইমপ্লয়ির কোর ভিত্তিক সমন্বিত গ্রেডেশন ক্রম রয়েছে সে সকল ইমপ্লয়ির পদোন্নতির ক্ষেত্রে ১ টি পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে সর্বোচ্চ ৫ জন ইমপ্লয়িকে পদোন্নতি পরীক্ষা বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান এবং একাধিক পদের ক্ষেত্রে প্রতিটি পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে সর্বোচ্চ ৩ জন ইমপ্লয়িকে পদোন্নতি পরীক্ষা বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো;

ঘ. ইতোপূর্বে নেসকোর নিয়োগ প্রক্রিয়ায় কোরভিত্তিক সমন্বিত মেধাতালিকা করা থাকলে তা চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। একইসাথে, আগামীতে সকল নিয়োগের ক্ষেত্রে নিয়োগকালীন কোরভিত্তিক সমন্বিত মেধাতালিকা আবশ্যিকভাবে প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হলো;

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ সার্কুলার জারি করা হলো।

০২-০৬-২০২৫

মোঃ রফিকুল ইসলাম

মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন)

সকল ইমপ্লয়ি, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ২। সকল নির্বাহী পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ৩। সকল প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ৪। সকল মহাব্যবস্থাপক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ৫। কোম্পানি সচিব, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ৬। সকল প্রকল্প পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ৭। সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ৮। সকল উপ-মহাব্যবস্থাপক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ৯। সকল নির্বাহী প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ১০। সকল ব্যবস্থাপক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ১১। সকল ব্যবস্থাপক (হিসাব), নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ১২। সকল আবাসিক প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।

